



স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩১০

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

বিষয়: সুপার সাইক্লোন 'আম্পান' এর প্রভাব মোকাবেলায় ব্যবস্থা গ্রহণ।

আবহাওয়া অধিদপ্তর কর্তৃক উপকূলীয় অঞ্চলে সুপার সাইক্লোন 'আম্পান' আঘাত হানার পূর্বাভাস ঘোষণা করতঃ পায়রা ও মংলা সমুদ্র বন্দরসহ সংলগ্ন জেলায় ৭ নং এবং চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্র বন্দরসহ সংলগ্ন জেলায় ৬ নং বিপদ সংকেত জারি করা হয়েছে। সুপার সাইক্লোন 'আম্পান' এর প্রভাবে ৬-১০ ফুট উচ্চতার জলোচ্ছ্বাস হতে পারে মর্মে আশঙ্কা করা হচ্ছে। ফলে 'আম্পান' এর প্রভাবে গবাদিপশু এবং হাঁসমুরগির ক্ষয়ক্ষতিসহ প্রাণিসম্পদ খাতে এর বিরূপ প্রভাব পরার সম্ভাবনা রয়েছে।

২। ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে গোখাদ্য ক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের বরাবরে বরাদ্দ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায় সুপার সাইক্লোন 'আম্পান' এর প্রভাবে সম্ভাব্য ক্ষয়ক্ষতি মোকাবেলায় স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় পূর্বক গবাদিপশু এবং হাঁসমুরগি আশ্রয়কেন্দ্রে/নিরাপদ স্থানে সরিয়ে নেবার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান, ভেটেরিনারি মেডিকেল টিম গঠনসহ সার্বক্ষণিক সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের বিষয়ে উপকূলীয় অঞ্চলের সংশ্লিষ্ট কর্মকর্তাদের জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৫-২০২০

ড. অমিতাভ চক্রবর্তী

উপসচিব

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর

ইমেইল: livestock-2@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩১০/১(৬)


তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয়)

অবগতির জন্য)

৬) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয়
অবগতির জন্য)



১৯-৫-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব